

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯.১৩ (অংশ-২)-৭০৮

তারিখঃ ১৭ মে, ২০১৮ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ

সিজিএ ভবন(৫ম তলা), সৈগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের আরএডিপিতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হইতে বরিশাল সিটি কর্পোরেশনের অনুকূলে ৫০০.০০লক্ষ (পাঁচ কোটি) টাকা বিশেষ বরাদ্দ প্রদান প্রসংগে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাইতেছি যে, অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটে 'সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা' শীর্ষক খোক বরাদ্দ হতে জিওবি খাতের 'বিশেষ বরাদ্দ উপখাতে' বরিশাল সিটি কর্পোরেশনের অনুকূলে বিশেষ বরাদ্দ হিসাবে ৫০০.০০লক্ষ (পাঁচ কোটি) টাকা অবমুক্তকরণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হইল।

২। এই ব্যয় চলতি ২০১৭-১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০১-৭৪৬০-৭২৩১/৭৯৮১ সিটি কর্পোরেশনসমূহের জন্য খোক বরাদ্দ মূলধন খাতে বরাদ্দকৃত ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হইতে মিটানো হইবে।

৩। এই অর্থ ছাড়ে অর্থ বিভাগের ২৩/০৪/২০১৮ খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-২০৩ নম্বর স্মারকে নিম্নোক্ত শর্তে সম্মতি প্রদান করা হইয়াছেঃ

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করিতে হইবে।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হইলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ শে জুন ২০১৮ এর মধ্যে সরকারী কোষাগারে জমা করিতে হবে।

৪। মেয়র, বরিশাল সিটি কর্পোরেশন এই মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন। তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করিবেন।

(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

তারিখঃ ১৭ মে ২০১৮ খ্রিঃ।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯.১৩ (অংশ-২)-৭০৮/১(১০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১শাখা)।
- সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
- ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, বরিশাল বিভাগ, বরিশাল।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।
- মাননীয় মেয়রের একান্ত সচিব, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
- সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- অফিস নথি।

(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব